গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সিলেট
dss.sylhetdiv.gov.bd

**স্মারক নম্বর:** ৪১.২৮.০০০০.০০০.০১.০০১.২২.৬৫

তারিখ: ১১ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
২৫ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: উপজেলা সমাজসেবা কার্যালয়, ছাতক, সুনামগঞ্জ এর অভ্যন্তরীন অডিট প্রতিবেদন মতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।**

সূত্র: .

উপর্যুক্ত বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষনপূর্বক জানানো যাচ্ছে যে, বিগত ১৮ জানুয়ারি ২০২৩ উপজেলা সমাজসেবা অফিস ছাতক এর দাপ্তরিক ও মাঠ কার্যক্রমের যাবতীয় দলিলাদি নিম্ন-স্বাক্ষরকারীর অফিসে যাচাই পরীক্ষণপূর্বক নিম্নোক্ত ত্রুটি/ঘাটতি পাওয়া যায়:

**আরএসএস (শুরু হতে ৬ষ্ঠ পর্ব)**

১. বিনিয়োগের ৫,৩৬,৫৮৪ টাকা দীর্ঘদিন ধরে মাঠে অনাদায়ী। পুন:বিনিয়োগের ৪৭,২৫,৪২৩ টাকা দীর্ঘদিন ধরে ব্যাংকে গচ্ছিত। উপজেলা সমাজসেবা অফিসার সর্ভিসচার্জ ও ব্যাংক সুদের হিসাব পৃথকভাবে উপস্থাপন করতে পারেননি। ১৭-০৬-২০২১ তারিখে লক্ষণসেন গ্রামে ১০ জন, ০৬-১২-২০২০ লক্ষিবারই গ্রামে ১০ জন, ১২-১০-২০০২ রসুলপুর গ্রামে ১০ জন, ১-১২-২০০২ মাধবপুর গ্রামে ১০ জন, ২৪-০৩-২০০৩ জাহিদপুর গ্রামে ৬ জন, ৯-১২-২০১৩ কামারগাওঁ গ্রামে ৭ জন, ১৫-১০-২০০৩ খানগাওঁ গ্রামে ৬ জন, ১৬-০৫-২০০৫ ভেরাজপুর গ্রামে ১ জনের মধ্যে রাজস্ব ষ্টাম্প ব্যতিরেখে ঋণ বিতরণ করা হয়। ঋণআদায় রেজিষ্টারে কিস্তি আদায় সংক্রান্ত কোন তথ্য লিপিবদ্ধ নাই। বরাদ্দ কপি, বরাদ্দ রেজিষ্টার, মাসিক প্রতিবেদন কর্মকর্তা দেখাতে পরেননি। আবেদনপত্র, চুক্তিপত্র উক্ত অফিসে সংরক্ষিত নাই।

**আরএসএস (সুদমুক্ত ক্ষুদ্রঋণ)**

২. মুলধন বিনিয়োগের ৫৪,২৪,৭০৬ টাকা দীর্ঘদিন ধরে মাঠে আনাদায়ী, আদায়ের কোন উদ্যোগ নেই। পুন:বিনিয়োগের ২,৫৫,২০০ টাকা দীর্ঘদিন ধরে মাঠে আনাদায়ী। বিনিয়োগের ৩২,৫০,০৯৫ টাকা দীর্ঘদিন ব্যাংকে গচ্ছিত পুন:বিনিয়োগের কোন উদ্যোগ নেই। ঋণবিতরণ বহির ৮০ নং পৃষ্ঠায় বাথগাওঁ (পটুখাই) গ্রামে ৫,১০,০০০ টাকা ঋণ বিতরণের তারিখ, বিতরণকারী কর্মকর্তা ও কর্মচারীর কোন স্বাক্ষর নাই। ১৯-১০-২০২২ তারিখে ১,৮০,০০০ টাকা ঋণ বিতরণ রেজিষ্টারে বিতরণকারী কর্মকর্তা ও কর্মচারীর কোন স্বাক্ষর নাই। গ্রামভিত্তিক ক্যাশবহি লেখা হয়নি। সর্ভিসচার্জ ও ব্যাংক সুদের হিসাব কর্মকর্তা পৃথকভাবে উপস্থাপন করতে পারেনি।

**পল্লী মাতৃকেন্দ্র:**

৩. মূলধনের ৩,৬৭,৫০০ টাকা দীর্ঘদিন ধরে ব্যাংকের কেন্দ্রীয় হিসাবে গচ্ছিত ও ৯,৩৮,৩০০ দীর্ঘদিন ধরে মাঠে অনাদায়ী। ক্যাশবহি সঠিকভাবে লিপিদ্ধ হয়নি। সর্ভিসচার্জ ও ব্যাংক সুদের হিসাবপৃথক ভাবে উপস্থাপন করতে পারেননি। মাতৃকেন্দ্রের বরাদ্দ কপি, বরাদ্দ রেজিষ্টার নাই।

এসিড দগ্ধ ও শারীরিক প্রতিবন্ধী ঋণ:

৪. মূলধনের ১২,৮৭,১৩৭ টাকা ব্যাংকের কেন্দ্রীয় একাউন্টে গচ্ছিত। বিনিয়োগ ও পুন:বিনিয়োগের ৪,৭৫,৬০৪ টাকা দীর্ঘদিন ধরে মাঠে অনাদায়ী। সর্ভিসচার্জ ও ব্যাংক সুদের হিসাব কর্মকর্তা পৃথকভাবে উপস্থাপন করতে পারেনি। প্রতিবন্ধীঋণ খাতে ১৬,০১,০০০ টাকা বিতরণের রেজিষ্টার কর্মকর্তা দেখাতে পারেননি। এতদসংক্রান্ত কোন ক্যাশবহি নাই।

**আশ্রায়ন প্রকল্প:**

৫. বিনিয়োগের ১,৬৯,৯৯০ টাকা ও পুন:বিনিয়োগের ৪৭,৯০০ টাকা দীর্ঘদিন ধরে মাঠে অনাদায়ী। ১,৬৬,৫১০ টাকা দীর্ঘদিন ধরে ব্যাংকে গচ্ছিত, বিনিয়োগের উদ্যোগ নাই। সর্ভিসচার্জ ও ব্যাংক সুদের আলাদা কোন হিসাব কর্মকর্তা দেখাতে পারেননি। ২৭-০৭-২০০৬ তারিখে আশ্রায়নের ২,৯৮,০০০ টাকা বিতরণের বিপরীতে বিতরণ রেজিষ্টারে কর্মকর্তা ও কর্মচারীর কোন স্বাক্ষর নাই। ঋণআদায় রেজিষ্টারে কিস্তি আদায় সংক্রান্ত কোন তথ্য লিপিবদ্ধ নাই। ক্যাশবহিও নাই।

৬. সমাজকল্যাণ পরিষদের ব্যাংক হিসাবে ৪,০০,০০০ টাকা গচ্ছিত মর্মে কর্মকর্তা জানান। ক্যাশবহি ও ব্যাংক স্টেটমেন্ট নাই। ইতিপূর্বে সমাজকল্যাণ পরিষদ থেকে গরিব অসহায় মানুষকে সাহায্য করা হয়েছে এমন কোন ধরনের প্রমানক কর্মকর্তা উপস্থাপন করতে পারেননি।

৭. ভিক্ষুক পুর্নবাসন ও বিকল্প কর্মসংস্থান কার্যক্রমের ১,৫০,০০০ টাকা ব্যাংকে গচ্ছিত মর্মে কর্মকর্তা জানান। ক্যাশ বহি ও ব্যাংক স্টেটমেন্ট নাই। ইতিপূর্বে ভিক্ষুক পুর্নবাসনে কোন কোন ধরনের প্রমানক উপস্থাপন করতে পারেননি।


৮. রোগীকল্যাণ সমিতির ৩,০০,০০০ টাকা ব্যাংকে গচ্ছিত মর্মে কর্মকর্তা জানান। ক্যাশবহি ও ব্যাংক স্টেটমেন্ট নাই। ইতিপূর্বে রোগীকল্যাণ সমিতির থেকে গরিব অসহায় মানুষকে সাহায্য করা হয়েছে এমন কোন ধরনের প্রমানক কর্মকর্তা উপস্থাপন করতে পারেনি।

৯. কর্মীভিত্তিক আদায় রির্পোট দেখাতে পারেনি।

১০.মাঠে অনাদায়ী টাকার কোন তালিকা উপস্থাপন করতে পারেননি। কিস্তি আদায়ের রশিদবহি ও ব্যাংক জমা বহিতে কর্মকর্তার কোন স্বাক্ষর নাই।

১১. ঋণবিতরণের আবেদন পত্রে কর্মকর্তা ও উপজেলা অফিসারের কোন স্বাক্ষর নাই। বর্ণিত তথ্য উপত্তের আলোকে উক্ত উপজেলায় জনস্বার্থ বিষয়ক কোন কাজ যথাসময়ে সম্পাদন হয়নি মর্মে প্রতীয়মান হয়। অডিটকালে এই উপজেলার ১৪৪১টি বয়স্কভাতার পে রোল ২য় কিস্তিতে প্রেরিত হয়নি।

এমতাবস্থায় আগামী ১৬ মার্চ ২০২৩ তারিখের মধ্যে বর্ণিত ত্রুটি/বিচ্যুতি সংশোধন ও সকল রেজিস্টার, নথিপত্র, ক্যাশবহি হালনাগাদসহ সকল কর্মসূচীর বিপরীতে বরাদ্দকৃত টাকা নীতিমালা অনুযায়ী যাথাযথভাবে ব্যয় ও সকল বিনিয়োগ ও পুন:বিনিয়োগের অর্থ শতভাগ মাঠে বিতরণ নিশ্চিত করার যথাযথ পদক্ষেপ গ্রহণে আপনাকে অনুরোধ করা হলো।



২৫-০১-২০২৩
মোহাম্মদ শহীদুল ইসলাম
পরিচালক
০১৮১৮৫৯৫৩৪৫
shahidulislam.dss@gmail.com

উপ পরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, সুনামগঞ্জ।

**স্মারক নম্বর:** ৪১.২৮.০০০০.০০০.০১.০০১.২২.৬৫ /১ (৩)

তারিখ: ১১ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
২৫ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, সমাজসেবা অধিদফতর;
২। পরিচালক, কার্যক্রম অধিশাখা, সমাজসেবা অধিদফতর এবং
৩। উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়, উপজেলা সমাজ সেবা কার্যালয়, ছাতক, সুনামগঞ্জ।



২৫-০১-২০২৩
মোহাম্মদ শহীদুল ইসলাম
পরিচালক